**উপজেলা পরিষদ**
**উপজেলা: আটপাড়া, জেলা: নেত্রকোণা।**
www.atpara.netrokona.gov.bd

## জানুয়ারি/২০২৫ মাসে অনুষ্ঠিত উন্নয়ন সমন্বয় সভার কার্যবিবরণী

সভাপতি : জনাব রুয়েল সাংমা, প্রশাসক, উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী অফিসার, আটপাড়া, নেত্রকোণা।
সভার স্থান : উপজেলা পরিষদ সভাকক্ষ, আটপাড়া, নেত্রকোণা।
তারিখ ও সময় : ১৬ জানুয়ারি ২০২৫ খ্রি. বেলা : ১২.১৫ ঘটিকা।

**পরিশিষ্ট 'ক' : সভায় উপস্থিত সদস্যদের তালিকা**

সভায় প্রশাসক ও উপজেলা নির্বাহী অফিসার, আটপাড়া, নেত্রকোণা উপস্থিত সকলকে স্বাগত ও শুভেচ্ছা জানিয়ে সভার কাজ শুরু করেন। প্রশাসক ও উপজেলা নির্বাহী অফিসার, আটপাড়া, নেত্রকোণা ডিসেম্বর/২০২৪ মাসের কার্যবিবরণী সভায় পাঠ করে শুনান এবং এতে কোন সংশোধন না থাকায় সর্বসম্মতিক্রমে সভায় দৃঢ়ীকরণ করা হয়। অত:পর আলোচ্যসূচী অনুযায়ী এ মাসের মাসিক সভায় বিভাগ ভিত্তিক কার্যক্রম আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহিত হয়।

| আলোচ্য বিষয় | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|
| ০১. **প্রাণিসম্পদ বিভাগ:** উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা সভায় জানান যে, সকল প্রকার টিকা ও অন্যান্য সকল কার্যক্রম স্বাভাবিক চালু আছে। তিনি আরো জানান যে, তার কার্যালয়ের গাড়ির গ্যারেজের সামনে একটি আম গাছ হেলে আছে, গাছটির জন্য গ্যারেজে গাড়ি ঢুকানো যাচ্ছে না গ্যারেজটি ব্যবহারে অনুপযোগী। তাই উক্ত গাছটি জরুরী ভিত্তিতে কাটার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করেন। | ১. গবাদি পশুর রোগ-ব্যাধি কমাতে মাঠ পর্যায়ে খামাড়ীদের প্রয়োজনীয় পরামর্শ প্রদান অব্যাহত রাখতে হবে।<br>২. গাড়ির গ্যারেজের সামনের গাছটি কাটার জন্য বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা, আটপাড়া, নেত্রকোণা।<br>২. উপজেলা বন কর্মকর্তা, আটপাড়া, নেত্রকোণা। |
| ০২. **স্বাস্থ্য বিভাগ:** উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, আটপাড়া সভায় জানান যে, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স ভবন ও অভ্যন্তরীণ কোয়াটারের নিরাপত্তা বৃদ্ধির লক্ষ্যে হাসপাতালের পেছনের অস্থায়ী গেইট বন্ধ করার নিমিত্ত সংশ্লিষ্ট সকলের সহযোগিতা কামনা করেন।<br>তিনি আরো জানান যে, হাসপাতালের পেছনে ও হাসপাতালের সামনের রাস্তায় পর্যাপ্ত লাইটিং এর ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করেন। | হাসপাতালের নিরাপত্তার স্বার্থে পেছনের গেইট স্থায়ীভাবে বন্ধ করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয় এবং আইনি সহায়তার জন্য ক্যাম্প কমান্ডার, বাংলাদেশ সেনাবাহিনী মদন ক্যাম্প ও অফিসার ইনচার্জ আটপাড়া থানা বরাবর পত্র প্রেরনের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. উপজেলা স্বাস্থ্য ও প:প: কর্মকর্তা, আটপাড়া, নেত্রকোণা।<br>২. ক্যাম্প কমান্ডার, বাংলাদেশ সেনাবাহিনী মদন ক্যাম্প<br>৩.অফিসার ইনচার্জ, আটপাড়া থানা, আটপাড়া। |
| ০৩. **কৃষি বিভাগ:** উপজেলা কৃষি কর্মকর্তা সভায় জানান যে, ২০২৪-২০২৫ অর্থবছরে বোরো আবাদ লক্ষ্যমাত্রা ছিল ১২৬০০ হে.। আমাদের এ পর্যন্ত আবাদ হয়েছে ৬৮৫০ হে.। বাকী অংশ খুব দ্রুতই সম্পন্ন হয়ে যাবে। সারের কোন ক্রাইসিস নাই। জোরদার মনিটরিং কার্যক্রম চলমা রয়েছে। এছাড়া অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছমানা রয়েছে। | ক) সার বীজের কৃত্রিম সংকট যেন সৃষ্টি না হয় সেদিকে সতর্ক দৃষ্টি রাখতে হবে এবং ইউনিয়ন উপ-সহকারী কৃষি কর্মকর্তাগণকে তৎপর থাকার জন্য নির্দেশনা প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>খ) কৃষি উৎপাদন বাড়াতে মাঠ পর্যায়ে কৃষকদের উদ্বুদ্ধকরণে প্রয়োজনীয় পরামর্শ প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা কৃষি অফিসার আটপাড়া, নেত্রকোণা। |
| ০৪. **স্থানীয় সরকার ও প্রকৌশল বিভাগ:** উপজেলা প্রকৌশলী, আটপাড়া সভায় জানান যে, ২০২৪-২০২৫ অর্থ বছরের এডিপি ও উন্নয়ন খাতে বরাদ্দের অনুকূলে গৃহিত প্রকল্প তালিকা (সংযুক্ত 'খ') প্রকল্পসমূহ বাস্তবায়নের স্বার্থে উক্ত প্রকল্প তালিকা অনুমোদন প্রয়োজন। এছাড়া বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | ২০২৪-২০২৫ অর্থ বছরে বার্ষিক উন্নয়ন কর্মসূচী (এডিপি) তালিকা বিধিমালা অনুযায়ী প্রকল্প গ্রহণ করার সর্বসম্মতভাবে গৃহীত হয়। প্রকল্পের কাজ সুষ্ঠভাবে সম্পন্ন করার সিদ্ধান্ত গৃহীত হয়। | ০১. উপজেলা নির্বহী অফিসার আটপাড়া, নেত্রকোণা।<br>০২. উপজেলা প্রকৌশলী আটপাড়া, নেত্রকোণা।<br>০৩. প্রশাসক (সকল), ইউনিয়ন পরিষদ আটপাড়া, নেত্রকোণা। |
| ০৫. **পরিবার পরিকল্পনা বিভাগ:** পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় অনুপস্থিত থাকায়, সংশ্লিষ্ট বিভাগের বিষয়াদি সম্পর্কে আলোচনা করা সম্ভব হয়নি। | নিয়মিত সভায় অনুপস্থিত থাকায় তার বিভাগীয় কর্যক্রম সম্পর্কে জানা সম্ভব হচ্ছেনা এবং জন্ম নিবন্ধন কার্যক্রম ব্যাহত হচ্ছে। এ বিষয়ে জেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা | ০১. উপজেলা নির্বহী অফিসার আটপাড়া, নেত্রকোণা।<br>০২. উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, আটপাড়া, নেত্রকোণা। |

| | | |
|---|---|---|
| | বরাবর পত্র প্রেরনের সিদ্ধান্ত গৃহীত হয়। | |
| ০৬. <u>মাধ্যমিক শিক্ষা বিভাগ</u> : উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা সভায় জানান যে, মাধ্যমিক পর্যায়ে প্রতিটি শিক্ষা প্রতিষ্ঠানে ২০২৫ সালের শ্রেণি কার্যক্রম শুরু হয়েছে। আগামী ২৬-২৮ জানুয়ারি ২০২৫ পর্যন্ত স্কুল পর্যায়ে শীতকালীন ক্রীড়া প্রতিযোগীতা চলবে এবং ২-৫ ফেব্রুয়ারি ২০২৫ পর্যন্ত উপজেলা পর্যায়ে ক্রীড়া প্রতিযোগীতা চলবে। তিনি সকলকে উক্ত ক্রীড়া প্রতিযোগীতা উপভোগ করার জন্য আমন্ত্রণ জানান। এছাড়া বিভাগীয় অন্যান্য কার্যক্রম সুষ্ঠু ও স্বাভাবিব ভাবে চলছে। | ০১. প্রতিমাসে ০৫ টি শিক্ষা প্রতিষ্ঠান পরিদর্শণপূর্বক প্রতিবেদন সভায় অবহিত করত হবে।<br>০২. ঝড়ে পড়া রোধে প্রতি ৩ মাসে একটি অভিভাবক সমাবেশ করার সিদ্ধান্ত গৃহীত হয়।<br>০৩. প্রতিটি প্রতিষ্ঠান নিয়মিত ক্লাস হচ্ছে কি-না এবং সকাল ৯.০০ ঘটিকা থেকে বিকাল ৫.০০ ঘটিকা পর্যন্ত খোলা রয়েছে কি-না সে বিষয়ে নিয়মিত মনিটরিং করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, আটপাড়া, নেত্রকোণা। |
| ০৭. <u>শিক্ষা বিভাগ:</u> উপজেলা শিক্ষা অফিসার, সভায় জানান যে, চলমান ওয়াসব্লক ও ভবন তৈরী কাজগুলো ধীর গতিতে হচ্ছে। তিনি আরো জানান যে, ১২.১২.২০২৪ তারিখ হতে ২৮.১২.২০২৪ তারিখ পর্যন্ত প্রাথমিক বিদ্যালয়গুলো বন্ধ থাকবে তাই নিরাপত্তার স্বার্থে ইউনিয়নের আনসারের সহযোগীতা প্রয়োজন। তিনি বলেন যে, আগামী ৩০.১২.২০২৪ খ্রি. তারিখ মা সমাবেশের মাধ্যমে ফলাফল ঘোষনা করা হবে। তিনি আরো জানান যে, পরিষদের অভ্যন্তরে আবুল হোসেন আহম্মেদ এডুকেশন গার্ডেন নামে একটি শিক্ষা প্রতিষ্ঠান পরিচালনা হচ্ছে। প্রতিষ্ঠান পরিচালনা কমিটি উক্ত প্রতিষ্ঠানটি প্রশাসন কর্তৃক পরিচালনার জন্য অনুরোধ করেন। উপজেলা পরিষদের সীমানায় প্রতিষ্ঠানের নামে ০৫ শতাংশ জমি রয়েছে যা জমিদাতা পরিষদের নামে দলিল করে দেয়ার অঙ্গিকার করেছেন এবং উক্ত দলিল করে দেয়ার প্রয়োজনীয় খরচ উপজেলা পরিষদকে বহন করার জন্য অনুরোধ করেন। এছাড়া দাপ্তরিক সকল কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | ০১. বিদ্যালয় খোলার দিন শিক্ষকের উপস্থিতি শতভাগ নিশ্চিত করতে হবে।<br>০২. সরকারি প্রাথমিক বিদ্যালয় পরিষ্কার পরিচ্ছন্ন করার সিদ্ধান্ত গৃহীত হয়।<br>০৩. তারুণ্য উৎসব উপলক্ষ্যে নির্ধারিত কর্মসূচি অনুযায়ী প্রমাণক সংগ্রহের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>০৪. ঝড়ে পড়া রোধে প্রতি ৩ মাসে একটি অভিভাবক সমাবেশ করার সিদ্ধান্ত গৃহীত হয়।<br>০৫. আবুল হোসেন আহাম্মেদ এডুকেশন গার্ডেনের জমি দলিল করার প্রয়োজনীয় খরচ উপজেলা পরিষদ বহনের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয় এবং উক্ত প্রতিষ্ঠানটির পুরাতন নাম পরিবর্তন করে উপজেলা প্রশাসনের নামে পরিচলনা করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।<br>০৬. প্রতিটি প্রতিষ্ঠান নিয়মিত ক্লাস হচ্ছে কি-না এবং সকাল ৯.০০ ঘটিকা থেকে বিকাল ৫.০০ ঘটিকা পর্যন্ত খোলা রয়েছে কি-না সে বিষয়ে নিয়মিত মনিটরিং করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা শিক্ষা অফিসার আটপাড়া, নেত্রকোণা। |
| ০৮. <u>ত্রাণ ও দুর্যোগ ব্যবস্থাপনা বিভাগ:</u> উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সভায় জানান যে, চলতি ২০২৪-২০২৫ অর্থবছরে শীত মৌসুমে বরাদ্দকৃত শীত বস্ত্র কম্বল বিতরণ সম্পন্ন করা হয়েছে। চলতি অর্থ বছরে ১ কি.মি. গ্রামীন মাটির রাস্তা এইচবিবি করণ কাজ বাস্তবায়নের জন্য লটারির মাধ্যমে টিকাদার নির্বাচন করা হবে। এ ছাড়া তার দপ্তরে সকল কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | বিভাগীয় কাজের ধারা অব্যাহত রাখতে হবে। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, আটপাড়া, নেত্রকোণা। |
| ০৯. <u>সমাজসেবা বিভাগ:</u> উপজেলা সমাজসেবা অফিসার, আটপাড়া সভায় অনুপস্থিত থাকায়, সংশ্লিষ্ট বিভাগের বিষয়াদি সম্পর্কে আলোচনা করা সম্ভব হয়নি। | দপ্তর প্রধান অথবা প্রতিনিধি নিয়মিত সভায় উপস্থিত থাকার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. উপজেলা সমাজসেবা অফিসার, আটপাড়া, নেত্রকোণা। |
| ১০. <u>সমবায় বিভাগ:</u> উপজেলা সমবায়কর্মকর্তা, আটপাড়া সভায় জানান যে, আশ্রয়ন সমবায় সমিতি থেকে ঋণ আদায় ৪২৮০/- টাকা অডিট ফি আদায় ১১০০/- টাকা। এছাড়া অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | আটপাড়া উপজেলায় কতোগুলো সমবায় সমিতি আছে তার বিস্তারিত তথ্যাদি উপস্থাপন করতে হবে। | উপজেলা সমবায় অফিসার আটপাড়া, নেত্রকোণা। |
| ১১. <u>যুব উন্নয়ন অধিদপ্তর:</u> উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা সভায়, প্রশিক্ষণে থাকায়, সংশ্লিষ্ট বিভাগের বিষয়াদি সম্পর্কে আলোচনা করা সম্ভব হয়নি। আলোচনা করা সম্ভব হয়নি। | দপ্তর প্রধান অথবা প্রতিনিধি নিয়মিত সভায় উপস্থিত থাকার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা যুব উন্নয়ন অফিসার, আটপাড়া, নেত্রকোণা। |

<table>
<tr><td>১২. <u>বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড (বিআরডিবি):</u> উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা সভায় অনুপস্থিত থাকায়, সংশ্লিষ্ট বিভাগের বিষয়াদি সম্পর্কে আলোচনা করা সম্ভব হয়নি।</td><td>দপ্তর প্রধান অথবা প্রতিনিধি নিয়মিত সভায় উপস্থিত থাকার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়।</td><td>উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা আটপাড়া,নেত্রকোণা।</td></tr>
<tr><td>১৩. <u>মৎস্য বিভাগ:</u> উপজেলা মৎস্য কর্মকর্তা সভায় জানান যে, মৎস্য অভয়াশ্রম স্থাপন ও বিল নার্সারি স্থাপন করা হয়েছে। নিয়মিত মৎস্য চাষ ও মৎস্য আইন বিষয়ক প্রশিক্ষণ দেয় হয়।</td><td>বিভাগীয় কাজের ধারা অব্যাহত রাখতে সিদ্ধান্ত গৃহীত হয়।</td><td>উপজেলা মৎস্য কর্মকর্তা আটপাড়া, নেত্রকোণা</td></tr>
<tr><td>১৪. <u>মহিলা ও শিশু বিষয়ক বিভাগ:</u> উপজেলা মহিলা ও শিশু বিষয়ক কর্মর্তা সভায় অনুপস্থিত থাকায়, সংশ্লিষ্ট বিভাগের বিষয়াদি সম্পর্কে আলোচনা করা সম্ভব হয়নি।</td><td>দপ্তর প্রধান অথবা প্রতিনিধি নিয়মিত সভায় উপস্থিত থাকার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়।</td><td>উপজেলা মহিলা বিষয়ক অফিসার, আটপাড়া, নেত্রকোণা।</td></tr>
<tr><td>১৫. <u>জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর:</u> উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশল সভায় জানান যে, সমগ্রদেশে নিরাপদ পানি সরবরাহ প্রকল্পের আওতায় ২০২৪-২৫ অর্থ বছরে প্রতি ইউনিয়নে ১২ টি করে গভীর নলকূপের বরাদ্ধ পাওয়া গেছে। তার বিভাগের কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে।</td><td>প্রতিটি ইউনিয়নে গভীর নলকূপ অচল হয়ে আছে সেগুলো ইউনিয়ন ভিত্তিক তালিকা প্রস্তুত পূর্বক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করে আগামী সভায় অবহিত সিদ্ধান্ত গৃহীত হয়।</td><td>উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য), আটপাড়া, নেত্রকোণা।</td></tr>
<tr><td>১৬. <u>ইউজিডিপি প্রকল্প (জাইকা):</u> প্রকল্প প্রতনিধি উপজেলা পরিচালন ও উন্নয়ন (ইউজিডিপি) সভায় জানান যে, উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পের আওতায় (৬ষ্ঠ পর্যায়) বাস্তবায়িত কার্যক্রম মনিটরিং চলমান রয়েছে। উপজেলা ওয়েব সাইটে আপডেট করার বিষয়ে আলোচনা করা হয় এবং যথা সময়ে ওয়েব সাইটে আটডেট করার জন্য উপস্থাপন করা হয়।</td><td>প্রয়োজনীয় ডকুমেন্ট ওয়েবসাইটে প্রকাশের সিদ্ধান্ত গৃহীত হয়।</td><td>১. উপজেলা আইসিটি অফিসার, আটপাড়া, নেত্রকোণা।<br>২. প্রকল্প প্রতনিধি উপজেলা পরিচালন ও উন্নয়ন (ইউজিডিপি)<br>৩. জনাব মেহেদী হাসান, সাঁট মুদ্রাক্ষরিক কাম কম্পিউটার অপারেটর, উপজেলা পরিষদ, আটপাড়া, নেত্রকোণা।</td></tr>
<tr><td>১৭. <u>বিবিধ আলোচনা:</u><br>(ক) উপজেলা পরিষদের রাজস্ব আয় ও ব্যয়ের অনুমোদন:<br>উপজেলা প্রকৌশলী, পরিষদের রাজস্ব তহবিল হতে নম্নি বর্ণিত কাজ সম্পাদনের প্রস্তাব করেন।<br>(১) বাসাবাড়ি ও অফিস মেরামত।<br>(২) ভূ-গর্ভস্থ পানির লাইন মেরামত।<br>(৩) অ-প্রত্যাশিত খাত থেকে সাহায্য।<br>(৪) অফিস সরঞ্জাম মেরামত।<br>(৫) আসবাবপত্র ক্রয় ও মেরামত।</td><td>(ক) বিস্তারিত আলোচনান্তে উপজেলা পরিষদের বাসাবাড়ি ও অফিস মেরামত, অফিস সরঞ্জাম মেরামত ও প্রকাশনা বিল অনুমোদনের সিদ্ধান্ত গৃহিত হয়।</td><td>উপজেলা প্রকৌশলী ও সংশ্লিষ্ট কমিটি।</td></tr>
<tr><td>(খ) রাজস্ব তহবিল সংক্রান্ত:<br>রাজস্ব তহবিল ১৯ ডিসেম্বর ২০২৪ থেকে ১৬ জানুয়ারি ২০২৫ পর্যন্ত ব্যয়ের খাত সমূহ অনুমোদনের জন্য উপস্থাপন করা হয়।
<table>
<tr><th>ব্যয়ের খাত</th><th>টাকা</th></tr>
<tr><td>মাসিক সভার আপ্যায়ন ও আনুষঙ্গিক বিল</td><td>৩৫,০০০/-</td></tr>
<tr><td>মালী ও সুইপারের মজুরী প্রদান</td><td>৩১,০০০/-</td></tr>
<tr><td>বর্জ্য ব্যবস্থাপনা/পরিষ্কার পরিচ্ছন্নতা</td><td>২৫,০০০/-</td></tr>
<tr><td>ক্রোকারীজ ক্রয় বাবদ</td><td>২৫,০০০/-</td></tr>
<tr><td>প্রশাসক উপজেলা পরিষদ এর নেইম প্লেট, সিল, অনার বোর্ডসহ অন্যান্য খরচের বিল</td><td>২৫,০০০/-</td></tr>
<tr><td>তারুণ্য উৎসব পালন বাবদ</td><td>২৫,০০০/-</td></tr>
<tr><td>১৪৩১ সনের হাট বাজারের বিজ্ঞাপন (স্থানিয় পত্রিকা)</td><td>১৪,৭২০/-</td></tr>
<tr><td>১৪৩১ সনের হাট বাজার আনুষাঙ্গিক বিল (ঢোল, মাইকিং ও অন্যান্য)</td><td>৩৫,০০০/-</td></tr>
<tr><td>উপজেলা প্রশাসকের কক্ষের আইপিএসের মেশিন ক্রয় বাবদ</td><td>২৫,০০০/-</td></tr>
<tr><td>উপজেলা প্রশাসকের কক্ষের আইপিএসের ব্যাটারি ক্রয় বাবদ</td><td>২৫,০০০/-</td></tr>
<tr><td>সর্বমোট</td><td>২,৬৭,৭২০/-</td></tr>
</table></td><td>(খ) বিস্তারিত আলোচনান্তে রাজস্ব তহবিল ১৯ ডিসেম্বর ২০২৪ থেকে ১৬ জানুয়ারি ২০২৫ পর্যন্ত ব্যয়ের খাত সমূহ অনুমোদনের জন্য উপস্থাপিত ছকে প্রদর্শিত খাত অনুসারে সর্বমোট ২,৬৭,৭২০/-(দুই লক্ষ সাতষট্টি হাজার সাতশত বিশ) টাকার ব্যয় সর্ব সম্মতিক্রমে অনুমোদন করা হলো।</td><td>সংশ্লিষ্ট আয়ন ব্যয়ন কর্মকর্তা।</td></tr>
<tr><td>(গ) উপজেলা হাট-বাজার সংক্রান্ত:<br>ইউনিয়ন পরিষদ, প্রশাসনিক কর্মকর্তাগণ, সভায় জানান যে, হাট-বাজার উন্নয়ন তহবিল হতে বিগত বছরগুলোর ইজারার আয়ের উপর</td><td>(গ) বিস্তারিত উপজেলা হাট-বাজার তহবিল হতে সংশ্লিষ্ট হাট-বজার উন্নয়ন খাতে অপরিশোধিত ১৫%</td><td>০১. প্রশাসক উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী অফিসার</td></tr>
</table>

| | | |
|---|---|---|
| উপজেলা হাট-বাজার উন্নয়ন খাতে জমাকৃত সংশ্লিষ্ট হাট-বাজার উন্নয়ন খাতে অপরিশোধিত ১৫% অর্থ এবং উপজেলা হাট-বাজার উন্নয়ন খাতে অপরিশোধিত ১০% অর্থ হতে তাদের ইউনিয়নের অনুন্নত বাজার গুলোতে প্রকল্প গ্রহণ ও উপজেলা কমিটির সিদ্ধান্ত নেয়া বিষয়ে ইউনিয়ন পরিষদ হতে গুরুত্বপূর্ণ প্রকল্পের তালিকা উপজেলা নির্বাহী কর্মকর্তার কার্যালয়ে প্রেরণ করা হয় এবং তালিকায় প্রাপ্ত প্রকল্প গুলোর বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। | অর্থ এবং উপজেলা হাট-বাজার উন্নয়ন খাতে অপরিশোধিত ১০% অর্থ দ্বারা ইউনিয়ন পরিষদ হতে গুরুত্বপূর্ণ প্রকল্পের তালিকায় প্রাপ্ত প্রকল্পগুলো উপজেলা হাট-বাজার কমিটির যাচাই-বাছাই করে দ্রুত কাজ সম্পন্ন করার সিদ্ধান্ত গৃহীত হয়। | আটপাড়া, নেত্রকোণা।<br>০১. সহকারী কমিশনার (ভূমি) আটপাড়া, নেত্রকোণা।<br>০৩. উপজেলা প্রকৌশলী, আটপাড়া, নেত্রকোণা। |

পরিশেষে আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২৬/১/২৫

(বুয়েল সাংমা)
প্রশাসক
উপজেলা পরিষদ
ও
উপজেলা নির্বাহী কর্মকর্তা
আটপাড়া, নেত্রকোণা

স্মারক নং-০৫.৪৫.৭২০৪.০০১.০৬.০০৪.২৫-৪৭

তারিখ: ০২ মাঘ ১৪৩১ / ১৬ জানুয়ারি ২০২৫

অনুলিপি: সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে প্রেরণ করা হলো-

০১. সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২. জেলা প্রশাসক, নেত্রকোণা।
০৩. নির্বাহী প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল বিভাগ/জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগ, নেত্রকোণা।
০৪. উপজেলা .........................................................অফিসার, আটপাড়া, নেত্রকোণা।
০৫. চেয়ারম্যান/প্রশাসক .......................................................ইউনিয়ন পরিষদ, আটপাড়া, নেত্রকোণা।
০৬. জনাব ..........................................................................................................

২৬/১/২৫

(বুয়েল সাংমা)
উপজেলা নির্বাহী অফিসার
আটপাড়া, নেত্রকোণা